



Embassy of the People's Republic
of Bangladesh
Tokyo

নং: ১৯.০১.৮১০১.৭০০.০১.০০২.২২-৭৭৮

তারিখ: ৩০/১০/২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “আন্তর্জাতিক অভিবাসী দিবস-২০২৪” ও “জাতীয় প্রবাসী দিবস-২০২৪” উপলক্ষে জাপানে রেমিট্যান্স প্রেরণসহ বিভিন্ন পেশায় (কৃষি/ব্যবসা /শিল্প/শিক্ষা/চিকিৎসা/ প্রকৌশল/গবেষণা/সমাজ সেবা ইত্যাদি) নিয়োজিত যে সকল সম্মানিত বাংলাদেশিরা দক্ষতা, নিষ্ঠা এবং সুনামের সাথে কর্মসম্পাদনের মাধ্যমে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জল করছেন, তাদের অনন্যসাধারণ অবদানের স্বীকৃতি স্বরূপ জাপানে অবস্থিত বাংলাদেশ দূতাবাস বিশেষ সম্মাননা প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে।

এমতাবস্থায়, জাপানে বসবাসরত আগ্রহী বাংলাদেশি নাগরিকগণকে নিম্নোক্ত তথ্যাবলী সম্বলিত আবেদনপত্র আগামী ৩০ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে নিম্নবর্ণিত ই-মেইল ঠিকানায় প্রেরণ করার জন্য বিনীত অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, প্রাপ্ত আবেদনপত্র সমূহ যাচাই-বাচাই পূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে।

mission.tokyo@mofa.gov.bd

fslabor@mofa.gov.bd

- ০১। নাম ও পাসপোর্ট নম্বর
- ০২। স্থায়ী ঠিকানা
- ০৩। বর্তমান ঠিকানা (মোবাইল নম্বর সহ)
- ০৪। আবেদনের ক্যাটাগরি
- ০৫। বর্তমান পেশা ও কর্মস্থল
- ০৬। বিশেষ অবদান/ অর্জনের বর্ণনা: (৫০০ শব্দের মধ্যে বাংলা বা ইংরেজীতে হতে হবে) এবং
- ০৭। পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও অবদান/ অর্জনের স্বীকৃতিস্বরূপ প্রমাণক/তথ্যাদি (যদি থাকে)।



বাংলাদেশ দূতাবাস কর্তৃপক্ষ